**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়
সংস্থাপন বিভাগ
রেগুলেশন উইং
শাখা-৬
বিজ্ঞপ্তি
ইডি (রেগ-৬১)/ছুটি-১৪/৮১-২৪(৫০০১), তারিখ ঢাকা, ৮ই এপ্রিল, ১৯৮২ইং

**বিষয়ঃ নৈমিত্তিক ছুটি মঞ্জুরী সংক্রান্ত নির্দেশমালা।**

উপরোল্লেখিত বিষয়ে পূর্ববর্তী সকল আদেশ বাতিলক্রমে সরকার নিম্নোক্ত আদেশ জারী করিতেছেনঃ

নৈমিত্তিক ছুটি চাকুরী বিধিমালা স্বীকৃত ছুটি নয় এবং নৈমিত্তিক ছুটিজনিত অনুপস্থিতিকে কাজে অনুপস্থিতি হিসাবে গণ্য করা হয় না। বাংলাদেশ চাকুরী বিধিমালার প্রথম খন্ডের ১৯৫ নং বিধির টীকা ২-এ উলেলখিত শর্ত সাপেক্ষে এইরূপ ছুটি মঞ্জুর করা হয়। এই ধরণের ছুটিতে অনুপস্থিত কর্মকর্তার কর্মদায়িত্ব পালনের জন্য কোন বদলীর (Substitute) ব্যবস্থা করা হইবে না। তাই নৈমিত্তিক ছুটি ভোগকারী কর্মকর্তার অনুপস্থিতির কারণে যদি জনস্বার্থ ক্ষুন্ন হয় তাহা হইলে ছুটি প্রদানকারী ও ছুটি ভোগকারী কর্মকর্তা উভয়েই দায়ী থাকিবেন।

পঞ্জিকাবর্ষে সকল সরকারী কর্মচারী বৎসরে সর্বমোট ১৫ দিন নৈমিত্তিক ছুটি ভোগ করিতে পারিবেন।

কোন সরকারী কর্মচারীকে একসংগে ১০ দিনের বেশী নৈমিত্তিক ছুটি প্রদান করা যাইবে না। তবে, অত্র বিভাগের ২৫-২-১৯৮২ তারিখের বিজ্ঞপ্তি ইডি (রেগ-৬)/ছুটি-১৩/৮০-১৪ মোতাবেক পার্বত্য চট্টগ্রাম ও বান্দরবান জেলায় কর্মরত সকল কর্মচারীকে এক বৎসরে মঞ্জুরযোগ্য ১৫ দিনের নৈমিত্তিক ছুটি একই সংগে ভোগ করিতে দেওয়া যাইতে পারে।

কোন কর্মকর্তা আবেদন জানাইলে সর্বোচ্চ ৩ দিনের নৈমিত্তিক ছুটি একবার বা একাধিকবার রবিবার অথবা অন্য কোন সরকারী ছুটির দিনের পূর্বে অথবা পরে সংযুক্ত করার অনুমনি প্রদান করা যাইতে পারে। যে ক্ষেত্রে এই ধরণের আবেদন করা হইবে না বা অনুমতি দেওয়া হইবে না, সেই সকল ক্ষেত্রে রবিবার বা সরকারী ছুটির দিনগুলিও নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য করা হইবে।

নৈমিত্তিক ছুটি উভয়দিকে সরকারী ছুটির সঙ্গে সংযুক্ত করা যাইবে না।

কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নৈমিত্তিক ছুটি ভোগকারী কোন ব্যক্তি সদরদপ্তর ত্যাগ করিতে পারিবে না।

নৈমিত্তিক ছুটিতে থাকালীন কোন ব্যক্তিকে সদরদপ্তর হইতে এমন দূরত্বে যাইতে অনুমতি দেওয়া যাইবে না, যেখান হইতে সদরদপ্তরের কাজে যোগদানের আদেশ পাওয়ার পর কাজে যোগদান করিতে ৪৮ ঘণ্টার অধিক সময় লাগিতে পারে।

নিয়মিত ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ অথবা অধস্তন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ নৈমিত্তিক ছুটি এবং তৎসংগে সদরদপ্তর ত্যাগের অনুমতি প্রদান করিতে পারিবেন। গুরচতর অসুস্থ্যতা, বিশেষ করিয়া সংক্রামক ব্যধির (যেমন, গুটি বসন্ত) ক্ষেত্রে কাজে যোগদানের নির্দেশ প্রাপ্তির সংগে সংগেই কাজে যোগদান সম্ভব নয় বিধায় এই সকল ক্ষেত্রে নৈতিত্তিক ছুটি মঞ্জুর করার প্রশ্ন উঠে না। তবে ব্যক্তিগত অসুবিধা, সামান্য অসুস্থ্যতা (যেমন, সাধারণ জ্বর) ইত্যাদি কারণে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

নৈমিত্তিক ছুটিতে থাকাকালীন কেহ বিদেশে গমন করিতে পারিবেন না।

সরকারী কাজে অথবা প্রশিক্ষণার্থে বাংলাদেশের বাহিরে অবস্থানরত কর্মকর্তাদিগকে নৈমিত্তিক ছুটি প্রদান সরকার নিরচৎসাহিত করেন। তবে কেবল বিশেষ পরিস্থিতিতে অত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্ত সাপেক্ষে নৈমিত্তিক ছুটি প্রদান করা যাইবে।
২. এই বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশমালা সকল সরকারী কর্মকর্তা/কর্মচারীদিগকে গোচরীভূত করিবার জন্য অনুরোধ জানানো হইল।
এ, এ, খান
উপ-সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি শাখা-৫
আদেশ
তারিখ, ২৯শে মে, ১৯৮৪
নং সম(রেগ-৫)-৪৩১/৮৩-১০(৫০০)অত্র মন্ত্রণালয়ের ২১-৩-৮৪ ইং তারিখের আদেশ নং এমই(রেগ-৫)-৪৩১/৮৩-৩ এর সংশোধনক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, এখন হইতে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত **নৈমিত্তিক ছুটির পরিমাণ বৎসরে ১৫ দিনের পরিবর্তে ২০ দিন নির্ধারণ করা হইল**। ইহা হাসপাতালসহ সকল সরকারী, স্বায়ত্তশাসিত ও আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীদের বেলায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রযোজ্য হইবেঃ
(ক) কোন কর্মচারীকে একসংগে ১০ দিনের অধিক নৈমিত্তিক ছুটি প্রদান করা যাইবে না।
(খ) সর্বোচ্চ ৩ দিনের নৈমিত্তিক ছুটি যে কোন শুক্রবার বা সাধারণ ছুটির দিনের পূর্বে অথবা পরে সংযুক্ত করা অনুমতি প্রদান করা যাইতে পারে। কিন্তু দুইটি ছুটির (হলিডে) মর্ধবর্তী কোন কাজের দিনে এই ছুটি প্রদান করিয়া সংশ্লিষ্ট দুইটি ছুটির সহিত সংযুক্ত করিবার অনুমতি দেওয়া যাইবে না।
রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ শামসুজ্জোহা
উপ-সচিব (বিধি)।

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি শাখা-৪
বিজ্ঞপ্তি
নং সম(বিধি-৪)-ছুটি-২৯/৮৬-১৩০ তারিখ, ২৪ ডিসেম্বর, ১৯৮৯ ইং
**বিষয়ঃ স্বাস্থ্যগত কারণে ৭ দিনের বেশী ছুটি লইলে হাসপাতালে ভর্তি সম্পর্কে।**
সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যগত কারনে ৭ (সাত) দিনের বেশী ছুটি লইলে বা চাহিলে তাঁহাদেরকে হাসপাতালে ভর্তি হওয়া বাধ্যতামূলক করিয়া ইতিপূর্বে সংস্থাপন মন্ত্রণালয় হইতে ২৯-৬-৮৩ ইং তারিখে বিজ্ঞপ্তি নং ইডি(আর-৪)-১৬৪/৮৩-৬২ জারী করা হইয়াছিল। সরকার বিষয়টি পূনর্বিবেচনা করিয়া উক্ত বিজ্ঞপ্তিটি এতদ্বারা বাতিল করিলেন।
আতাহার ইসলাম খান
উপ-সচিব (বিধি)

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সংস্থাপন মন্ত্রণালয়
মুদ্রণ শাখা
নং সম(মুদ্রণ)-৬মুবি-৪/৮৯-২৭৪(১০০)/১ তারিখঃ
সার্কুলার
**বিষয়ঃ গেজেটেড সরকারী কর্মকর্তাগণের ছুটি সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে মুদ্রণ প্রসঙ্গে।**
নিম্নস্বাক্ষরকারী উপরোক্ত বিষয়ে আদিষ্ট হইয়া জানাইতেছে যে, গেজেটেড কর্মকর্তাগণের ছুটি সংক্রান্ত তথ্য বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপিত করার ব্যাপারে সরকার নিম্ন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেনঃ
(১) এখন হইতে গেজেটেড সরকারী কর্মকর্তাগণের সাধারন ছুটি সংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপিত হইবে না।
(২) গেজেটেড সরকারী কর্মকর্তাগণের অবসর প্রস্তুতিমূলক ছুটি (এল, পি, আর) সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে মুদ্রণের ব্যবস্থা পূর্বের মত বহাল থাকিবে।
আব্দুর রাজ্জাক
সিনিয়র সহকারী সচিব